

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৮.০৩৫.০৩১.২৫-১২৬


তারিখঃ ১০ ফাল্গুন ১৪৩১
২৩ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সময় নিজ উপজেলায় পদ শূন্য না থাকায় নিজ উপজেলার বাহিরে পদায়নকৃত শিক্ষকগণকে অগ্রাধিকার ভিত্তিতে আন্তঃউপজেলা বদলির ক্ষেত্রে সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২৩-এর অনুচ্ছেদ ৩.৬ অনুযায়ী নিজ উপজেলায় বদলিকরণের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৫.১৯.০১০.২৪.১০, তারিখ: ১৮/০২/২০২৫ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সময় নিজ উপজেলায় পদ শূন্য না থাকায় নিজ উপজেলার বাহিরে পদায়নকৃত সহকারী শিক্ষকগণকে অগ্রাধিকার ভিত্তিতে আন্তঃউপজেলা বদলির ক্ষেত্রে সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২৩-এর অনুচ্ছেদ ৩.৬ অনুযায়ী নিজ উপজেলায় বদলিকরণের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো:

- ক) ২৫/০২/২০২৫ হতে ২৭/০২/২০২৫ তারিখ পর্যন্ত সহকারী শিক্ষকগণ অনলাইনে আবেদন করবেন;
- খ) ২৮/০২/২০২৫ তারিখ প্রধান শিক্ষক কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই সম্পন্নকরণ;
- গ) ০১/০৩/২০২৫ তারিখ সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই সম্পন্নকরণ;
- ঘ) ০২/০৩/২০২৫ হতে ০৩/০৩/২০২৫ তারিখ পর্যন্ত উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
- ঙ) ০৪/০৩/২০২৫ তারিখ সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয় মনোনয়ন;
- চ) ০৫/০৩/২০২৫ হতে ০৬/০৩/২০২৫ তারিখ পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অনুমোদন সম্পন্নকরণ।


(রৈবেকা সুলতানা)

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৭২৫৫

ইমেইল: sassch2@mopme.gov.bd

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা

অনুলিপি:

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (বিদ্যালয়), এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (বিদ্যালয়), এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।